গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
ত্রাণ ও পুনর্বাসন শাখা
www.munshiganj.gov.bd

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯০০.০০০.১০.০২৭.২৩.৫৯

**বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উপলক্ষ্যে উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদান**

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পত্র নং-৫১.০১.০০০০.০১৮.২০.০৩৬.২৩.১৫, তারিখ: ২৭-০৩-২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৪ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় এ জেলার ০৬ টি উপজেলার জন্য ১৪,৪২৫ টি এবং ০২ টি পৌরসভার জন্য ৯,২৪২ টিসহ মোট ২৩,৬৬৭ টি কার্ডের বিপরীতে কার্ডপ্রতি ১০ (দশ) কেজি হারে (১৪৪.২৫০+৯২.৪২০)=২৩৬.৬৭০ (দুইশত ছত্রিশ দশমিক ছয় সাত শূন্য) মে.টন ভিজিএফ চাল নিম্নোক্ত শর্তে ছকে উল্লিখিত বিভাজন অনুযায়ী স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসার ও মেয়রগণের অনুকূলে উপবরাদ্দ প্রদান করা হলো। উপবরাদ্দকৃত ভিজিএফ চাল নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আগামী ০৩-০৪-২০২৪ খ্রি: তারিখের মধ্যে উত্তোলনসহ বিতরণ নিশ্চিত করতে হবে।

| ক্র: নং | উপজেলা/পৌরসভার নাম | কার্ড সংখ্যা | উপবরাদ্দকৃত চালের পরিমাণ (মে.টন) |
|---|---|---|---|
| ০১ | গজারিয়া | ১০৫৩ | ১০.৫৩০ |
| ০২ | লৌহজং | ১২৫১ | ১২.৫১০ |
| ০৩ | মুন্সীগঞ্জ সদর | ৪৫৩৭ | ৪৫.৩৭০ |
| ০৪ | সিরাজদিখান | ৩১৫৫ | ৩১.৫৫০ |
| ০৫ | শ্রীনগর | ২৫৯৮ | ২৫.৯৮০ |
| ০৬ | টংগীবাড়ি | ১৮৩১ | ১৮.৩১০ |
| | **মোট** | **১৪৪২৫** | **১৪৪.২৫০** |
| ০৭ | মুন্সীগঞ্জ পৌরসভা | ৪৬২১ | ৪৬.২১০ |
| ০৮ | মিরকাদিম পৌরসভা | ৪৬২১ | ৪৬.২১০ |
| | **মোট** | **৯২৪২** | **৯২.৪২০** |
| | **সর্বমোট** | **২৩৬৬৭** | **২৩৬.৬৭০** |

শর্তাবলী:

(০১) উপজেলা নির্বাহী অফিসার ও মেয়রগণ ভিজিএফ চাল বিতরণের বিষয়ে স্থানীয় মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করবেন।

(০২) ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরুপ শর্তাবলী অনুসরণ করতে হবে।

(ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৬ সালের তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুন:বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

(খ) দুস্থ:/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দু:স্থ /অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।

(গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দু:স্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে:

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই;
২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল;
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;
৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই;
৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;
৬. যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই;
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যাক্তা, বিছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অসচ্ছল;
৮. যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা;
৯. যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী;

১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি;

১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে;

১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

(ঘ) ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রনীত ও প্রত্যায়িত হতে হবে।

(ঙ) ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ এর বরাদ্দ না পায়।

০৩। বরাদ্দকৃত চালের ব্যয় 'চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের ১৪৯০১০১ - ১২০০০১৯০৩ ভিজিএফ কার্যক্রম অনগদ সামাজিক সহায়তা সুবিধাদি -৩৭২২১০১ ত্রাণ কার্য (চাল) খাত হতে নির্বাহ করতে হবে।

০৪। নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করতে হবে।



২৮-০৩-২০২৪
মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা প্রশাসক
০২-৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,গজারিয়া,মুন্সীগঞ্জ;
২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ;
৩। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুন্সিগঞ্জ সদর;
৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,সিরাজদিখান,মুন্সীগঞ্জ;
৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীনগর, মুন্সিগঞ্জ;
৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,টংগীবাড়ী,মুন্সীগঞ্জ এবং
৭। মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা/ মিরকাদিম পৌরসভা, মুন্সীগঞ্জ।

**স্মারক নম্বর:** ০৫.৩০.৫৯০০.০০০.১০.০২৭.২৩.৫৯/১ (৯)

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা, মুন্সীগঞ্জ-০১/ মুন্সীগঞ্জ-০২/ মুন্সীগঞ্জ-০৩;
২। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়;
৩। মহাপরিচালক , মহাপরিচালকের দপ্তর , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৪। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা;
৫। পরিচালক , ভিজিডি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ সদর/গজারিয়া/টংগীবাড়ী/লৌহজং/সিরাজদিখান/শ্রীনগর, মুন্সীগঞ্জ;
৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক (দায়িত্ব প্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়,মুন্সিগঞ্জ;
৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মুন্সীগঞ্জ সদর/গজারিয়া/টংগীবাড়ী/লৌহজং/সিরাজদিখান/শ্রীনগর, মুন্সীগঞ্জ এবং
৯। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মুন্সীগঞ্জ সদর/গজারিয়া/টংগীবাড়ী/লৌহজং/সিরাজদিখান/শ্রীনগর, মুন্সীগঞ্জ।



২৮-০৩-২০২৪
মো: আবুজাফর রিপন, বিপিএএ
জেলা প্রশাসক